# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**

**Email. updfcht@gmail.com Website: www.updfcht.com**


***Ref:*** ***Date:*** *২৮ সেপ্টেম্বর ২০২৫*

প্রেস বিজ্ঞপ্তি

**অবরোধকারী ও নিরীহ পাহাড়িদের ওপর হামলা, অগ্নিসংযোগ, গ্রেফতার-নির্যাতনের নিন্দা ও প্রতিবাদ**

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর মুখপাত্র অংগ্য মারমা খাগড়াছড়ির সিঙ্গিনালায় কিশোরী ছাত্রীকে গণধর্ষণের সাথে জড়িতদের গ্রেফতার না করে খাগড়াছড়ি সদরের পেরাছড়া, ভাইবোনছড়ায় নিরীহ পাহাড়িদের গ্রেফতার, শারীরিক নির্যাতন ও হয়রানি-হেনস্তা, দোকানপাটে হামলা-ভাঙচুর এবং গুইমারায় অবরোধকারীদের ওপর গুলিবর্ষণ ও অগ্নিসংযোগের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

আজ ২৮ সেপ্টেম্বর ২০২৫, রবিবার এক বিবৃতিতে অংগ্য মারমা আরও বলেন, "পার্বত্য চট্টগ্রামে নিয়োজিত অধিকাংশ সেনা কর্মকর্তার সেটলারদের প্রতি পক্ষপাতিত্ব ও পাহাড়ি বিদ্বেষী দৃষ্টিভঙ্গির কারণে বার বার সাম্প্রদায়িক হামলা ও ধর্ষণের মতো জঘন্য ঘটনা ঘটে এ অঞ্চলকে অশান্ত করে তুলছে।

তিনি অবিলম্বে গ্রেফতারকৃতদের মুক্তি, আহতদের সুচিকিৎসার ব্যবস্থা, ক্ষতিগ্রস্ত্রদের ক্ষতিপূরণ প্রদান, ধর্ষকদের গ্রেফতার এবং গুইমারায় গুলিবর্ষণ ও অগ্নিসংযোগকারীদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ নেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)